'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2024

## DSE1/2-P2-BENGALI (A2/B2)

**NEW & RE-REVISED SYLLABUS**

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-A2 and DSE-B2.**
**The candidates are required to answer any *one* from *two* papers.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-A2

**স্বাধীনতা পরবর্তী বাংলা সাহিত্য**

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ — ৩×৪ = ১২

(ক) 'চকাচকী' গল্পে চকা এবং চকী কে ? তাদের বয়স কত ?

(খ) নেপাল কে ? নেপাল কোথায় কাজ করে ? 'পত্রলেখার বাবা' গল্পে পত্রলেখার বাবা ও মায়ের নাম লেখো।

(গ) আশাপূর্ণা দেবীর ত্রয়ী উপন্যাসের অন্তর্গত উপন্যাস তিনটির নাম লেখো। পাঠ্যতালিকাভুক্ত উপন্যাসটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয় ?

(ঘ) মুক্তকেশী কে ? তার ছেলেরা কে-কোন পেশার সঙ্গে যুক্ত ছিল ?

(ঙ) 'কারাগার' নাটকটি কত সালে এবং কোন থিয়েটারে প্রথম মঞ্চস্থ হয় ? প্রথম রজনীতে কংসের ভূমিকায় কে অভিনয় করেন ?

(চ) 'কারাগার' নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত ? এটি কী ধরনের নাটক ? নাটকটি কাকে উৎসর্গ করেছেন নাট্যকার ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ — ৬×৪ = ২৪

(ক) 'চরণদাস এম. এল. এ' গল্পের চরণদাস চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) 'গণনায়ক' গল্পে দেশভাগের প্রেক্ষাপট যেভাবে ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

(গ) 'সুবর্ণলতা' উপন্যাসে সুবর্ণলতার উপর তার মায়ের প্রভাব কতটা পড়েছে, আলোচনা করো।

(ঘ) 'সুবর্ণলতা' উপন্যাসে একটি পুরুষ ও একটি নারী অপ্রধান চরিত্র বিশ্লেষণ করো।

(ঙ) 'কারাগার' নাটকের কংস চরিত্রের পরিচয় দাও।

(চ) 'কারাগার' নাটকে গান ব্যবহারের তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর লেখোঃ — ১২×২ = ২৪

(ক) 'বৈয়াকরণ' কথার অর্থ কী ? এই গল্প অবলম্বনে তুরন্তলাল মিশ্রের চরিত্রটি আলোচনা করো।

(খ) 'পত্রলেখার বাবা' গল্পে কিভাবে বৈঠকী রীতিতে হাস্যরস পরিবেশিত হয়েছে, আলোচনা করো।

Maynaguri College Library

(গ) 'সুবর্ণলতা' উপন্যাসে তৎকালীন সমাজে নারীর অবস্থান কিভাবে আশাপূর্ণা দেবী ফুটিয়ে তুলেছেন, তা দেখাও।

(ঘ) 'কারাগার' নাটকটিকে পৌরাণিক নাটক বলা যায় কিনা যুক্তিসহ বিচার করো।

## DSE-B2

### বাংলা শিশু কিশোর সাহিত্য

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ ৩×৪ = ১২

(ক) 'চাঁদের পাহাড়' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয় ? উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয় ? উপন্যাসটির প্রচ্ছদ ও ছবি কে এঁকেছিলেন ?

(খ) 'চাঁদের পাহাড়' উপন্যাসে শঙ্কর কার সাহায্যে, কোথায় চাকরি করতে গিয়েছিল ? সেখানে সে প্রথমে কিসের চাকরি পায় ?

(গ) 'হ-য-ব-র-ল' গ্রন্থের নাম 'হ-য-ব-র-ল' রাখার কারণ কী ?

(ঘ) 'কাক্কেশ্বর কুচকুচে' কোথায় থাকে ? তার পরিচয় দাও।

(ঙ) 'ভুতুড়ে গল্প'-এ সেই বৃদ্ধ মেজো পিসেমশাইয়ের কাছে কী চেয়েছিলেন ? এবং তা পেয়ে কী উপহার দিয়েছিলেন ? মেজো পিসেমশাইয়ের সঙ্গে যে বইটি ছিল তার নাম কী ?

(চ) 'লক্ষ্মী' গল্পে বর্ণিত ঝরণাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর লেখোঃ ৬×৪ = ২৪

(ক) 'চাঁদের পাহাড়' উপন্যাসে নিগ্রো আদিবাসী জীবনের যে ছবি পাওয়া যায়, তা নিজের ভাষায় বিবৃত করো।

(খ) 'চাঁদের পাহাড়' উপন্যাসে আলভারেজের মৃত্যু কিভাবে হয়েছিল ?

(গ) 'হ-য-ব-র-ল' গল্প অবলম্বনে ব্যাকরণ শিং-এর পরিচয় দাও।

(ঘ) বিড়ালের ভাষায় 'চশমা' কিভাবে লেখা হয়েছিল ? সে তিব্বত যাওয়ার রাস্তা সম্বন্ধে কী বলেছিল, তা আলোচনা করো।

(ঙ) 'তোজো' গল্প অবলম্বনে তোজোর পরিচয় দাও।

(চ) 'খাগায় নমঃ' গল্পের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর লেখোঃ ১২×২ = ২৪

(ক) 'চাঁদের পাহাড়' উপন্যাস অবলম্বনে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রকৃতিভাবনার স্বরূপ উদ্ঘাটন করো।

(খ) 'চাঁদের পাহাড়' উপন্যাসের শঙ্কর চরিত্রটি আলোচনা করো।

(গ) শিশুসাহিত্য হিসেবে 'হ-য-ব-র-ল' গ্রন্থের সার্থকতা বিচার করো।

(ঘ) 'সব ভুতুড়ে' গ্রন্থ অবলম্বনে লীলা মজুমদারের শিল্প অভিব্যক্তির পরিচয় দাও।

——×——

Maynaguri College Library